



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

www.pdbf.gov.bd

বাড়ি নং-৫, ৩ নং এভিনিউ, হাজী রোড, রূপনগর, মিরপুর-২, ঢাকা-১২১৬



নম্বর: ৪৭.৬৬.০০০০.০০২.১৭.০০১.২১.১২৬

তারিখঃ ০৯ জুলাই ২০২৪ খ্রি.

সম্মানিত সুধি,

বিসমিল্লাহির রহমানির রাহীম!

আমার আন্তরিক শুভেচ্ছা গ্রহণ করুন।

বঙ্গাবন্ধু সুপ্ত গ্রামবাংলাকে জাগিয়ে তোলার স্বপ্ন, ধ্যান, খারনা ও আরাধনায় পল্লী উন্নয়নের যে স্রোতধারা সৃষ্টি করেন তারই আবহে প্রিয় নেত্রী শেখ হাসিনা গড়ে তোলেন অনন্য মানবিক প্রতিষ্ঠান: **পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)**।

আজ ০৯ জুলাই ২০২৪, প্রতিষ্ঠানের দুই যুগপূর্তির অত্যুজ্জ্বল দিন। সূচনালগ্ন থেকে পল্লীর দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষের ভাগ্য পরিবর্তনের লক্ষ্যে পিডিবিএফ-এর অর্জন বৈশিষ্ট্য-চিহ্নিত। পল্লী অর্থায়নের সকল মাত্রায় এ প্রতিষ্ঠানটি এখন প্রাগ্রসর ভূমিকা গ্রহণ করেছে। ক্ষুদ্র ঋণ, নারী উদ্যোক্তা ঋণ ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের পাশাপাশি গ্রামীণ শিল্প ও কৃষি জীবিকায়ন ঋণ এবং বহুমাত্রিক সঞ্চয় পরিকল্প ও বীমা পরিসেবা নিয়ে এ প্রতিষ্ঠান এখন অন্তর্ভুক্তিমূলক অর্থায়নে পল্লীর প্রান্তিক জনগোষ্ঠীর সবচেয়ে কাছাকাছি এসে দাঁড়িয়েছে।

পিডিবিএফ আয় উৎসারি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে আয় ও সঞ্চয়ের পরিবৃদ্ধি এবং নব সম্পদ সৃজনের মাধ্যমে সুফলভোগী সদস্যদের অব্যাহত সমর্থন ও সুরক্ষা সেবা প্রদান করে যাচ্ছে। কোভিড প্রণোদনা ঋণ প্রদানের মাধ্যমে কুটির, ক্ষুদ্র ও অনুশিল্পকে অবলম্বন করে সুফলভোগীদের দারিদ্র্য বিমোচনে নতুন মাত্রা যুক্ত করেছে। আর্থিকভাবে একটি স্বয়ম্ভর ও অগ্রগণ্য প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠানটি ক্রমশ আত্মপ্রকাশ করেছে।

পিডিবিএফ-এর সর্বস্তরের নিবেদিতপ্রাণ কর্মীগণ উৎসর্গ করেছেন তাঁদের চব্বিশ বছরের শ্রমসাধনা। **“সবার নিচে, সবার পিছে, সব হারাদের মাঝে”** আজ পিডিবিএফ এর উজ্জ্বল উপস্থিতি।

দারিদ্র্য জয়ের স্বপ্নে ও সংগ্রামে রূপকল্প ২০৪১ এ উত্তরণের প্রয়াসে পিডিবিএফ আজ অগ্রণী ভূমিকায়। বিগত তিন বছরে দু'বার শুদ্ধাচারে শ্রেষ্ঠ পুরস্কার ও রাষ্ট্রীয় স্বীকৃতি অর্জনের মাধ্যমে প্রতিষ্ঠানটি হয়ে উঠেছে আস্থা ও নির্ভরতার প্রতীক। সমৃদ্ধির অগ্রযাত্রায় আমরা সুফলভোগীদের সাথী ও সারথি। প্রতিষ্ঠান দুই যুগপূর্তির এ শুভক্ষণে প্রশাসনিক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতা, পরিচালনা পর্ষদের সমর্থন ও অংশীজনদের সহযোগিতার জন্য তাঁদের জানাই গভীর কৃতজ্ঞতা। সহযোদ্ধাদের কর্মতৎপরতা এবং সুফলভোগী সদস্যদের সৃজনশীল প্রয়াসের জন্য তাঁদের জানাই উষ্ণ অভিনন্দন ও অভিবাদন।

(মুহম্মদ মউদুদউর রশীদ সফদার)
(সরকারের সাবেক সচিব)
ব্যবস্থাপনা পরিচালক